তারিখ ... 11 OCT 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

দৈনিক ইত্তেফাক

04

## জার্মানীর ডিএডি স্কলারশীপ

সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয় হইতে জার্মানীতে ডিএডি স্কলারশিপের জন্য দরখাস্ত আহ্বান করা হয়। দেড় ডজনাধিক পোষ্ট গ্রাজুয়েট স্কলারশিপের জন্য বড় দরখাস্ত পড়ে এবং শিক্ষা মন্ত্রণালয় যোগ্য প্রার্থীদের মনোনয়ন প্রদানকরতঃ যথারীতি ইআরডি বিভাগে যোগাযোগ করিয়া ফরম সংগ্রহ করার নির্দেশ দেয়। ইআরডি বিভাগ কোন ফরম দেয় নাই। বরং তাহারা প্রার্থীদের জার্মানীর এ্যাম্বেসীর সঙ্গে যোগাযোগ করিতে বলেন। সে মোতাবেক প্রার্থীরা জার্মান এ্যাম্বেসীতে যোগাযোগ করেন। তাহাদিগকে জানান হয়-যে, জার্মান ভাষা না জানিলে এই স্কলারশিপ হইবে না। বহুদেশেই এ ধরনের স্কলারশিপে ভাষা-শিক্ষার জন্য তিন-চার মাসের আলাদা কোর্স-এর সুযোগ প্রদানের বিষয়টা জার্মান এ্যাম্বাসী সংশ্লিষ্ট কর্মকর্তা এড়াইয়া যান।

অথচ এই স্কলারশিপের প্রস্তাবে জার্মান ভাষা জানিবার কোন শর্ত ছিল না। পত্রিকায় প্রকাশিত শিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তিতেও জার্মান ভাষা জানিবার শর্ত উল্লেখ করা হয় নাই। শিক্ষা মন্ত্রণালয় প্রার্থী নির্বাচনের বেলাতেও ভাষা জানার বিষয়টা এড়াইয়া গিয়াছেন। ফলাফল এই দাঁড়াইয়াছে যে, নির্বাচিত বা মনোনীত প্রার্থীরা হয়রানির শিকার হইয়াছেন এবং জার্মানীর এতগুলি 'ডিএডি' স্কলারশিপ হইতে বাংলাদেশ বঞ্চিত রহিল। ইহার জন্য দায়ী কে, তাহা আমার সংশ্লিষ্ট সকলের জন্য জানিতে চাই। এবং বিষয়টির প্রতি উর্ধ্বতন কর্তৃপক্ষের আশু দৃষ্টি আকর্ষণ করিতেছি—যাহাতে ভবিষ্যতে আর কোন স্কলারশিপের সুযোগ নষ্ট না হয়।

—গুলশানারা মাসুদ, মতিঝিল কলোনী, ঢাকা।